

প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট  
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং  
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৯.২৪৩

তারিখ : ০৫-১২-২০১৯ খ্রিঃ

### ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ প্রবিধানভুক্ত ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত ও ৪র্থ, ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় এবং ২০১০ প্রবিধানভুক্ত ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৯ সুষ্ঠুভাবে ও সুন্দর পরিবেশে গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :

১. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী উল্লেখিত সময়ের পর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হলে উক্ত পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, পর্ব, টেকনোলজি ও বিলম্বের কারণ উল্লেখ করে একটি রেজিস্টারে এন্ট্রি করে রাখতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন বোর্ডকে অবহিত করতে হবে এবং একই পরীক্ষার্থীর এ ধরনের ঘটনা পুনরাবৃত্তি ঘটলে তদন্ত করতে হবে।
২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. অত্র বোর্ডের ডিপ্লোমা পর্যায়ে পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০১৭ মোতাবেক জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণ এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ কেন্দ্রের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন।
৪. পরীক্ষা চলাকালীন সময়ে ও এর আগে-পরে (পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ সময় পরীক্ষা কেন্দ্রে প্রবেশকৃত অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. অনিবার্য কারণে কোন পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লেখিত নির্ধারিত সময় দিতে হবে।
৬. পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করার সময় প্রত্যেক পরীক্ষার্থীকে তত্ত্বাশী করার মাধ্যমে নিশ্চিত হতে হবে যে, তার নিকট অননুমোদিত কোন সামগ্রী (মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস/অননুমোদিত কাগজপত্র ইত্যাদি) নেই।
৭. পরীক্ষা শুরুর কমপক্ষে ৩ দিন পূর্বে ঐ কেন্দ্রে পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিতদের দায়িত্ব উল্লেখসহ নিয়োগাদেশ দিতে হবে এবং পরীক্ষার যাবতীয় নিয়মাবলী সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।
৮. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপাধ্যক্ষ ও পরীক্ষা কক্ষের কর্মকর্তাগণ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থেকে সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনা করার লক্ষ্যে সার্বক্ষণিকভাবে তদারকি করবেন।
৯. ব্ল্যাংক উত্তরপত্র ভালভাবে যাচাই-বাছাই করে প্রতিদিনের পরীক্ষায় (সকাল ও বিকাল) যে পরিমাণ উত্তরপত্র লাগবে তা পূর্ব থেকেই গণনা করে বেঁধে রাখতে হবে এবং নির্দিষ্ট পরীক্ষার দিনটিতে তা ব্যবহার করতে হবে। প্রতিদিনের উত্তরপত্র ব্যবহারের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে।

উল্লিখিত নির্দেশনাবলী ছাড়াও পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১৭ ও ২০১৯ এ আংশিক সংশোধিত এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন- ০২-৫৫০০৬৫২৫

তারিখ : ০৫-১২-২০১৯ খ্রিঃ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৯.২৪৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।
৮. অধ্যক্ষ/পরিচালক, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।
৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন : ০২-৫৫০০৬৫৩১